বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ পরিপত্র নং- ০৯/২০২১

তারিখঃ ০৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়ঃ শতভাগ সরকারী প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের নিজস্ব মনোগ্রামের সাথে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মনোগ্রাম ব্যবহার প্রসঙ্গে।

১৯৫২ সালে প্রতিষ্ঠিত ''এগ্রিকালচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কর্পোরেশন'' এবং ১৯৫৭ সালে প্রতিষ্ঠিত ''এগ্রিকালচার ব্যাংক অব পাকিস্তান'' নামে দুইটি সংস্থাকে একীভূত করে ১৯৬১ সালে ''এগ্রিকালচার ডেভেলপমেন্ট ব্যাংক অব পাকিস্তান'' নামে নতুন একটি রাষ্ট্রীয় ঋণ সংস্থা প্রতিষ্ঠা করা হয়। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর ''এগ্রিকালচার ডেভেলপমেন্ট ব্যাংক অব পাকিস্তান'' কে ''বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংক'' নামে অভিহিত করা হয়। পরবর্তীতে ১৯৭৩ সালে মহামান্য রাষ্ট্রপতির ২৭ নম্বর আদেশ বলে ''বাংলাদেশ কৃষি ব্যাংক'' প্রতিষ্ঠা করা হয়, যা ১৬ ডিসেম্বর ১৯৭১ হতে কার্যকর বলে গণ্য।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের ১০৩৮টি শাখার মধ্যে ৪১১টি শাখা শহর কেন্দ্রিক। বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষি খাতে অর্থায়নসহ অন্যান্য সকল বাণিজ্যিক ব্যাংকের সাথে প্রতিযোগীতাপূর্ণভাবে অনলাইন ব্যাংকিং সুবিধাসহ সকল প্রকার আধুনিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। আধুনিক ব্যাংকিংয়ের সকল সুবিধা বিরাজমান থাকার পরও সাধারণ মানুষের কাছে সৃষ্টিকালীন কৃষি ভিত্তিক অর্থায়নের ধারনাই বলবৎ রয়ে গেছে। সাধারণ মানুষের এই ধারণা পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।

০৩। এ অবস্থা হতে উত্তোরণ ঘটাতে হলে বাংলাদেশ কৃষি ব্যাংকের আধুনিক ব্যাংকিং সুবিধা সম্পর্কে বিভিন্ন উপায়ে বেশী বেশী প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। শাখাসমূহের ইন্টেরিয়র সমকালীন ডেকোরেশনে সুসজ্জিত করতে হবে। কর্মকর্তা ও কর্মচারীগণের দায়িত্বশীল ও ইতিবাচক আচরণ, প্রশাসনিক শিষ্টাচার, সৌজন্যবোধ, উন্নত গ্রাহক সেবা ও আধুনিক ব্যাংকিং পরিবেশ সৃষ্টির মাধ্যমে জনসাধারণের মনের পুরাতন "শুধুমাত্র কৃষিভিত্তিক কার্যক্রমে কৃষি ব্যাংক"-এই ধারণা পরিবর্তন করতে হবে।

০৪। সাধারণ জনগণসহ ব্যাংকের কর্মকর্তা/করমচারীগণের দৃষ্টিভঙ্গি পরিবর্তনের প্রথম পদক্ষেপ হিসেবে ব্যাংকের বর্তমান শ্লোগান "গ্রামবাংলার গণমানুষের ব্যাংক" এর আংশিক সংস্কার/পরিবর্তন করে "গণমানুষের ব্যাংক" ব্যবহার ও জনসাধারণকে আরো অধিকহারে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রতি আস্থাশীল করার জন্য শতভাগ সরকারী প্রতিষ্ঠান হিসেবে ব্যাংকের নিজস্ব মনোগ্রামের সাথে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের LOGO/মনোগ্রাম ব্যবহার এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের মনোগ্রামটি বৃত্তাকার সাদা ব্যাক গ্রাউন্ডের উপর বটল গ্রীণ (লেখা ও ছবি) রং এ মুদ্রণ ও ব্যবহারের বিষয়ে বিগত ১০-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৯২ তম সভায় একটি কার্যপত্র উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনা শেষে পর্ষদ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়।

> "শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, ব্যবস্থাপনা সমন্বয় কমিটি এবং ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংকের যে সকল ক্ষেত্রে মনোগ্রাম/LOGO ব্যবহারের প্রয়োজন রয়েছে সে সকল ক্ষেত্রে ব্যাংকের নিজস্ব মনোগ্রাম সর্বডানে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের LOGO/মনোগ্রাম সর্ববামে ব্যবহার করার অনুমোদন প্রদান করেন। এছাড়াও, পর্ষদ ব্যাংকের বর্তমান শ্লোগান "গ্রামবাংলার গণমানুষের ব্যাংক" এর আংশিক পরিবর্তনপূর্বক "গণমানুষের ব্যাংক" ব্যবহারের অনুমোদন প্রদান করেন।"

০৫। এমতাবস্থায়, পর্ষদ সভার অনুমোদন মোতাবেক যে সকল ক্ষেত্রে মনোগ্রাম ব্যবহারের প্রয়োজন রয়েছে সে সকল ক্ষেত্রে ব্যাংকের নিজস্ব মনোগ্রাম সর্বডানে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মনোগ্রাম সর্ববামে ব্যবহার করতে হবে এবং ব্যাংকের শ্লোগান "গণমানুষের ব্যাংক" ব্যবহার করতে হবে। বাংলাদেশ কৃষি ব্যাংকের মনোগ্রামটি বৃত্তাকার সাদা ব্যাক গ্রাউন্ডের উপর বটল গ্রীণ (লেখা ও ছবি) রং এ মুদ্রণ ও ব্যবহার করতে হবে। সাদা কালো মুদ্রণের ক্ষেত্রে মনোগ্রামটিতে কালো রং ব্যবহার করতে হবে।

চলমান পাতা-০২

০৬। বটল গ্রীণঃ কৃষ্ণ সবুজ এর কালার কোডঃ #0C4019; For Hex : #0C4019 ; For RGB : R=12, G=64, B=25; For CMYK: C=81, M=0, Y=61, K=75; For HSV: H=135, S=81, V=২৫। নিম্নে লেটারহেড প্যাড, সাইনবোর্ড, ব্যানার ও অন্যান্য প্রচার মূদ্রণে মনোগ্রাম ও রং ব্যবহারের নমুনা দেয়া হলোঃ

নমুনা-০১ঃ <u>লেটারহেড প্যাডে মনোগ্রাম ও রং ব্যবহারের নমুনাঃ</u>

বাংলাদেশ কৃষি ব্যাংক

. . . . . . শাখা/কার্যালয়

ঠিকানা ঃ ..............................................................

ফোন ঃ ০০০০০০০০০ ; e-mail: 00000@krishibank.org.bd

নমুনা-০২ঃ <u>সাইনবোর্ড, ব্যানার ও অন্যান্য প্রচার মূদ্রণে ব্যাংকের নাম, শ্লোগান ও মনোগ্রাম ব্যবহারের নমুনাঃ</u>

বাংলাদেশ কৃষি ব্যাংক

গণমানুষের ব্যাংক

০৭। উক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

০৫/০৯/২০২১

(মোঃ দিদারুল ইসলাম মজুমদার)
মহাব্যবস্থাপক

প্রকা/শানিব্যউবি-১(২৭) বিবিধ/২০২১-২০২২/২৫৪ তারিখঃ ০৫ সেপ্টেম্বর ২০২১

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (স্টাফ কলেজসহ), বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সকল উপ-মহব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, কর্পোরেট শাখাসমূহ বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক।
১০। নথি।

০৫/০৯/২০২১

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)